# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৫৯২

২৪/ বিবাহ ও দাম্পত্য

পরিচ্ছেদঃ দাম্পত্য ও সংসার

## আরবী

عَنْ عَائِشَةَ قَالَتْ قَالَ لِي رَسُوْلُ اللهِ ﷺ إِنِّي لأَعْلَمُ إِذَا كُنْتِ عَنِّي رَاضِيَةً وَإِذَا كُنْتِ عَلَيَّ غَضْبَى قَالَتْ فَقُلْتُ وَمِنْ أَيْنَ تَعْرِفُ ذٰلِكَ قَالَ أَمَّا إِذَا كُنْتِ عَنِّي رَاضِيَةً فَإِنَّكِ تَقُولِينَ لاَ وَرَبِّ مُحَمَّدٍ وَإِذَا كُنْتِ غَضْبَى قُلْتِ لاَ وَرَبِّ إِبْرَاهِيمَ قَالَتْ قُلْتُ أَجَلْ وَاللهِ يَا رَسُوْلَ اللهِ مَا أَهْجُرُ إِلاَّ اسْمَكَ

## বাংলা

(২৫৯২) আয়েশা (রাঃ) বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন, আমি অবশ্যই জানতে পারি কখন তুমি আমার প্রতি খুশী থাক এবং কখন রাগান্বিতা হও। আমি বললাম, কী করে আপনি তা বুঝতে পারেন? তিনি বললেন, যখন তুমি আমার প্রতি খুশী থাক, তখন বল, না, মুহাম্মাদের রবেবর শপথ! আর যখন তুমি আমার প্রতি রেগে থাক, তখন বল, না, ইব্রাহীমের রবেবর শপথ! আমি তখন বললাম, 'হ্যাঁ, আপনি ঠিকই বলেছেন হে আল্লাহর রাসূল! আল্লাহর শপথ! আমি আপনার নাম ছাড়া আর কিছুই বাদ দিই না।

## ফুটনোট

(বুখারী ৫২২৮, ৬০৭৮, মুসলিম ৬৪৩৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66340

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন